

চিতাভস্মের ডিএনএ পরীক্ষা: দায় ঠেলাঠেলি

নিজস্ব সংবাদদাতা

জাপানের রেনকোজি মন্দির থেকে চিতাভস্ম ফিরিয়ে এনে ডিএনএ পরীক্ষা করানোর বিষয়টি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক এবং বিদেশ মন্ত্রকের মধ্যে দায় ঠেলাঠেলির প্রদর্শনী অব্যাহত রইল।

চিতাভস্ম ফিরিয়ে ডিএনএ পরীক্ষার আবেদন জানিয়ে রাজ্যসভার তৃণমূল সাংসদ জহর সরকার চিঠি লিখেছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে। তাঁর মন্ত্রকের পক্ষ থেকে জহরকে জানিয়ে দেওয়া হয়, বিষয়টি বিদেশ মন্ত্রকের এজিয়ারের মধ্যে পড়ে।

এর পরে ফের জহর চিঠি লেখেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্করকে। এ বার জয়শঙ্কর উত্তর দেন, এটি স্বরাষ্ট্র মন্ত্রকের কাজ, তাঁর নয়! আবার এক রাউন্ড করে প্রথমে স্বরাষ্ট্র মন্ত্রক এবং এস জয়শঙ্করকে আবেদন করেন নাছোড়বান্দা এই প্রাক্তন আমলা। সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের কাছ থেকে ফের একটি চিঠি গিয়েছে বিদেশ মন্ত্রকের কাছে (যার প্রতিলিপি পাঠানো হয়েছে জহরকে) এই বিষয়টি দেখার অনুরোধ করে।

ভারতের স্বাধীনতার ৭৬তম বর্ষ পালনের দিনেই সুভাষচন্দ্র বসুর সন্তান অনিতা প্যাফ দাবি জানিয়েছিলেন, চিতাভস্মের ডিএনএ পরীক্ষা করা হোক। জার্মানি নিবাসী অনিতা একটি সংবাদ সংস্থাকে বলেছিলেন, “অনেকেই তো বিশ্বাস করেন, ওই চিতাভস্ম নেতাজির। আজ বিজ্ঞান অনেক উন্নত। চিতাভস্ম থেকে নিশ্চিত হওয়া সম্ভব, সেটি ভারতের মহান স্বাধীনতা সংগ্রামী সুভাষচন্দ্র বসুর কি না।”